

## جمعية الدعوة والإرشاد وتنمية الجاليات بالزلفي

### مشروع تعلم الإسلام – أصول العقيدة

#### সপ্তম দার্স

#### الدرس السابع

##### ‘লা-ইলাহা ইল্লাহ’র শর্তাবলী

تابع شروط لا إله إلا الله

৪। আনুগত্যঃ এর অর্থ, মেনে নেওয়া ও আনুগত্য করা। অর্থাৎ, কালেমা যে সমস্ত বিষয়কে নির্দেশ করে, তা মেনে চলা। আনুগত্য ও গ্রহণের মধ্যে পার্থক্য এই যে, গ্রহণ হলো কালেমার ব্যাপক অর্থের বিশুদ্ধতার মৌখিক স্বীকৃতি দেওয়া। আর আনুগত্য হলো, কর্মের মাধ্যমে তার অনুসরণ করা। তাই যে ব্যক্তি ‘লা-ইলাহা ইল্লাহ-হ’র অর্থ বুবলো, এর প্রতি বিশ্বাস স্থাপন করলো এবং তা গ্রহণ করলো, কিন্তু সে আনুগত্য করলো না এবং সেই জ্ঞান অনুযায়ী আমল করলো না, এমতাবস্থায় সে আনুগত্যের যে শর্ত, তার বাস্তব রূপ দিলো না। মহান আল্লাহ বলেন,

**وَأَبِسُوا إِلَىٰ رَبِّكُمْ وَأَسْلِمُوا لَهُ** ﴿[الزمر: ٥٤]﴾ ، وقال تعالى: ﴿فَلَا وَرَبَّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيهَا﴾

شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴿[النساء: ٦٥]﴾ .

“ফিরে এসো তোমাদের রবের দিকে এবং অনুগত হও তাঁর।” (সূরা যুমার ৫৪) তিনি আরো বলেন, “হে মুহাম্মাদ! তোমার প্রতিপালকের শপথ! তারা কিছুতেই মু’মিন হতে পারে না, যতক্ষণ না তারা তাদের পারম্পরিক মতভেদের বিষয় ও ব্যাপারসমূহে তোমাকে বিচারপত্রিকাপে মেনে নেবে। অতঃপর তুমি যাই ফায়সালা করবে, তারা নিজেদের মনে তৎসম্পর্কে কোন কৃঢ়াবোধ করবে না বরং তা সর্বান্তকরণে মেনে নেবে।” (সূরা নিসাঃ ৬৫)

৫। সত্যনিষ্ঠতাঃ সে নিজের ঈমান ও মৌখিক ধর্মবিশ্বাসে সত্যবাদী হবে। মহান আল্লাহ বলেন,

**يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ** ﴿[التوبه: ١١٩]﴾

“হে ঈমানদার লোকেরা! আল্লাহকে ভয় কর এবং সত্যাদর্শ লোকদের সংগী হও।” (সূরা তাওবা: ১১৯) রাসূলুল্লাহ-ﷺ-বলেছেন,

وقال صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ((من شهد أن لا إله إلا الله صادقاً بها دخل الجنة)) [رواه أحمد، وصححه الألباني]

“যে ব্যক্তি অন্তর থেকে সত্যনিষ্ঠতা সহকারে ‘লা-ইলাহা ইল্লাহ’বললো, সে জানাতে প্রবেশ করবে।” (মুসলিম ২৪০৩) কেউ যদি এ কালেমাটির মৌখিক স্বীকৃতি দেয় আর অন্তরে তার দাবীকে প্রত্যাখ্যান ও অস্বীকার করে, তাহলে তার মৌখিক স্বীকৃতি তাকে মুক্তি দিতে পারবে না। বরং সে মুনাফিকদের অন্তর্ভুক্ত হবে। অনুরূপ রাসূল-ﷺ-এর আনীত বিষয়কে বা তার কোন কিছুকে নিয়ে প্রতিপন্থ করাও সত্যনিষ্ঠতার পরিপন্থী বস্তু। কেননা, মহান আল্লাহ নিজের আনুগত্য করার নির্দেশ প্রদানের সঙ্গে রাসূলের আনুগত্য ও তাঁর সত্যায়ন করাকে সংযুক্ত করেছেন। যেমন, তিনি বলেন,

**فُلْ أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ** ﴿[النور: ٥٤]﴾

“বলো, আল্লাহর অনুগত হও এবং রাসূলের অনুসরণকারী হও।” (সূরা নুর: ৫৪)